কার্পাসডাঙ্গায় সরকারি জমি দখল করে পাঁকা দোকানঘর নির্মাণ

দামুড়হুদা উপজলার কার্পাসডাঙ্গায় সরকারি খাস জমি দখল করে পাঁকা দোকান ঘর নির্মাণের অভিযোগ উঠেছে তেলা মিয়ার বিরুদ্ধে। তেলা মিয়া দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা বাজারপাড়ার মৃত মহিউদ্দিনের ছেলে ও বাজারের বিশিষ্ট সার ব্যবসায়ী।

জানাগেছে, গত কয়েকদিন যাবত রাত ও দিনে দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা বাজারের কাউন্সিল মোড়ে সড়কের কোল ঘেঁষে জেলা পরিষদের জমিতে পাঁকা দোকান ঘর নির্মাণ করছে ওই এলাকার তেলা মিয়া। রাতে ও দিনে খুব জোরে শোরেই চলছে দোকান নির্মাণ কাজ। সরকারি জমিতে ৪টি পাঁকা দোকান ঘর নির্মাণ করা দেখে হতবাক হয়েছে স্থানীয়রা।

এদিকে দোকান ঘর নির্মাণের আগেই দোকান ভাড়া দেওয়ার জন্য কয়েক জনের কাছ থেকে অগ্রিম নগদ নিয়েছে লাখ টাকা করে। স্থানীয়রা বলছেন, সরকারি জমিতে দোকান নির্মাণ যেন এই বাজারে নিত্য দিনের ঘটনা। মাঝে মাঝে কয়েকটা বিষয়ে পেপারে লেখালেখি হয়। প্রশাসনের কর্তারা আসেন পরিদর্শন করেন আবার ভেঙে দিয়েও যান। কিছুদিন অতিবাহিত হলে আবারও সেই দোকান ঘর নির্মাণ কাজ শেষ করে অভিযুক্তরা।

এরকম একাধিক ঘটনা কার্পাসডাঙ্গা বাজরে প্রতীয়মান। আমরা যতটুকু জানি সরকারি জমিতে পাঁকা স্থাপনা নির্মাণ অবৈধ! কিন্তু সরজমিনে কার্পাসডাঙ্গা বাজার ঘুরে দেখলে সরকারি জমিতে পাঁকা দোকান দন্ডায়মান এমন চিত্র একাধিক দেখা মিলবে।

এবিষয়ে কার্পাসডাঙ্গা ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা মাহাতাব উদ্দীন বিশ্বাসের সাথে মুঠোফোনে কথা বললে তিনি বলেন আমি ঘটনাস্থল পরিদর্শন করে জানতে পারি জমিটি জেলা পরিষদের।

এ বিষয়ে জানতে চুয়াডাঙ্গা জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তা মিজানুর রহমান সাথে মোবাইল ফোনে যোগাযোগ করা হলে তিনি ফোন রিসিভ করেননি।

চুয়াডাঙ্গা সদর উপজেলা নির্বাহী অফিসার ও দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার (অতিরিক্ত দায়িত্ব) শামীম ভূঁইয়া বলেন, এ

সংক্রান্ত কেউ কোনো অভিযোগ করেনি। অভিযোগ পেলে অবশ্যই আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

কার্পাসডাঙ্গায় বেশি দামে বিক্রি সার করায় জরিমানা

দামুড়হুদার কার্পাসডাঙ্গা বাজারে ভোক্তা পর্যায়ে বেশি দামে সার বিক্রি করার অপরাধে ভ্রাম্যমাণ আদালত পরিচালিত হয়েছে।

ভ্রাম্যমাণ আদালতটি পরিচালনা করেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট সানজিদা বেগম। মঙ্গলবার সকাল ১০টার দিকে তিনি এ ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন।

এসময় কার্পাসডাঙ্গা ব্রিজ মোড়ে অবস্থিত মেসার্স হাসিবুর ট্রেডার্সের মালিক হাসিবুর রহমান হাসিব ভোক্তা পর্যায়ে বেশি দামে সার বিক্রি করছে এমন অভিযোগের ভিত্তিতে সার ব্যবস্থাপনা আইন ২০০৬ এর ১২ ধারা মোতাবেক দোষী প্রমাণিত হওয়ায় তাকে ১০ হাজার টাকা জরিমানা আদায় করেন।

এসময় উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা অভিজিৎ কুমার বিশ্বাস ও দামুড়হুদা মডেল থানা পুলিশের একটি চৌকশ দল।

এসময় নির্বাহী ম্যাজিস্ট্রেট সানজিদা বেগম বলেন, কেউ যাতে কৃত্রিম সংকট দেখিয়ে সারের দাম বেশি না নিতে পারে, সে বিষয়ে তদারকি ও ভ্রাম্যমাণ আদালত জোরদার করা হবে।

কার্পাসডাঙ্গায় কুড়িয়ে পাওয়া টাকা ফেরত দিয়ে প্রশংসায় ভাসছেন দুই ব্যবসায়ী

দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা বাজারে কাস্টম মোড় সড়কে পড়ে থাকা বেশকিছু টাকা মালিক দিনমজুরের হাতে তুলে দিলেন কাস্টম মোড়ের দুই ব্যবসায়ী। এতে করে বাজারে প্রশংসায় ভাসছেন ওই দুই ব্যবসায়ী।

শুক্রবার সকাল ১০ টার দিকে দিনমজুর উপজেলার সদাবরি গ্রামের মো. সাগরের হরিয়ে যাওয়া টাকা তার হাতে তুলে দেন শ্রমিক নেতা ও ব্যবসায়ী আব্দুল মতিন খশরু ও রফিকুল ইসলাম।

এর আগে সকালের দিকে কাস্টম মোড়ে একটি মানিব্যাগে প্রায় সাড়ে ৮ হাজার টাকা কুড়িয়ে পান স্থানীয় দুই ব্যবসায়ী। শ্রমিক নেতা ও ব্যবসায়ী আব্দুল মতিন খশরু বলেন সকালের দিকে কাস্টম মোড়ে চটকাতলায় বসেছিলাম, এ সময় রাস্তার উপরে একটি মানিব্যাগ দেখতে পাই।

পরে সেটি কুড়িয়ে দেখি মানিব্যাগের ভেতর প্রায় সাড়ে ৮ হাজার টাকা আছে। পরে উপযুক্ত প্রমাণ দিলে সদাবরি গ্রামের দিনমজুর সাগরের হাতে টাকাগুলো তুলে দিই।

সঠিক মালিকের হাতে টাকাগুলো তুলে দিতে পেরে ভালো লাগছে। এ বিষয়ে সাগর বলেন, প্রমাণ নিয়ে টাকা আমার হাতে তুলে দিয়েছেন মতিন ভাই। আমি তার জন্য দোয়া করি, আল্লাহ যেন তার নেক হায়াত দেন।

কার্পাসপডাঙ্গার ছাগল চোর

[redacted]

[redacted] [redacted] [redacted] [

মহানবী (সা:) কে কটূক্তির প্রতিবাদে কার্পাসডাঙ্গায় মানববন্ধন

বিশ্বনবী হযরত মুহাম্মদ (সাঃ) কে নিয়ে কুটুক্তি করার প্রতিবাদে দামুড়হুদার কার্পাসডাঙ্গায় বিশাল বিক্ষোভ মিছিল ও মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে।

শুক্রবার জুম্মার নামাজের পর ধর্ম প্রিয় মুসল্লিরা এ মানববন্ধন করেন। কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদের মোড় থেকে বিশাল এক বিক্ষোভ মিছিল শুরু হয়ে বাজারের বিভিন্ন প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষ বাজার পয়েন্টে গিয়ে এক প্রতিবাদ সভায় মিলিত হয় সাধারণ মুসল্লিরা।

প্রিয় নবী হযরত মুহাম্মদ (সা:) কে নিয়ে ভারতীয় বিজেপি মুখপাত্র নুপুর শর্মা ও প্রবীন কুমার জিন্দাল আপত্তিজনক ও অবমাননাকর মন্তব্যের প্রতিবাদে মানববন্ধন করেন।

মানববন্ধনে সাধারণ মুসল্লিরা বলেন, ইসলাম শান্তির ধর্ম এবং আমাদের প্রিয় নবী হযরত মুহাম্মদ (সা:) কে নিয়ে কটূক্তি করলে সেটা আমাদের হৃদয়ে আঘাত করে। আমরা ইসলাম ধর্ম পালন করলেও অন্যান্য ধর্মের প্রতি শ্রদ্ধাশীল থাকি কিন্তু কিছু কুচক্রী মহল ইসলাম ধর্ম নিয়ে বিশৃঙ্খলা সৃষ্টি করার জন্য বিভিন্ন সময় নানা রকম মন্তব্য করেন।

এ সময় মুসল্লিরা ‘বিশ্ব নবীর অপমানে যদি না কাঁদে তোর মন, মুসলিম না মুনাফিক তুই নবীর দুশমন’ এ স্লোগান দিতে থাকে।

নাটুদাহ মাধ্যমিক বিদ্যালয়ের

শিক্ষক মতিউরের বাড়িতে স্ত্রীর দাবী নিয়ে ১ সন্তানের জননীর অবস্থান

চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার নাটুদাহ মাধ্যমিক বিদ্যালয়ের বিএসসি শিক্ষক, কার্পাসডাঙ্গা ইউনিয়নের হরিরামপুর গ্রামের মাঝপাড়ার আকের মন্ডলের ছেলে মতিউর এর বাড়িতে মেহেরপুর থেকে ১ সন্তানের জননী তার স্ত্রীর দাবী নিয়ে গতকাল বুধবার বিকাল ৪ টার দিকে তার বাড়িতে অবস্থান নেই। পরে মেয়েটিকে শারিরীক নির্যাতন করে বাড়ি থেকে বিতাড়িত করে মতিউরসহ তার পরিবারের লোকজন।
গ্রামের বেশ কয়েকজন নাম না প্রকাশ করার শর্তে জানান মেয়েটি দাবী করে ২০০৮ সালে তাকে মতিউর বিয়ে করে। তার একটি সন্তানও রয়েছে। মতিউরের সংসারে স্ত্রী ও তার পক্ষের দুটি সন্তান রয়েছে। ঘটনার পর থেকেই শিক্ষক মতিউর আত্মগোপনে রয়েছে। এ বিষয়ে জানতে মতিউরের সাথে কথা বলার চেষ্টা করা হলেও তা সম্ভব হয়নি। এ বিষয়ে স্থানীয় ইউপি সদস্যর সাথে কথা বললে তিনি ঘটনার সত্যতা স্বীকার করে বলেন মেহেরপুর থেকে একটা মেয়ে এসেছিলো তার স্ত্রীর দাবী করে। এ বিষয়ে জানতে নাটুদাহ মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকের সাথে কথা বললে তিনি এ বিষয়ে কিছু জানেন না বলে জানান। তবে তিনি জানান মতিউর মাস্টারের মোবাইল তার চাচারা নিয়ে নিয়েছে তার সাথে কোন যোগাযোগ করতে পারছেন না তিনি।

কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদে চাউল ও ভিজিডির কার্ড বিতরণ

“শেখ হাসিনার বাংলাদেশ ক্ষুদা হবে নিরুদ্দেশ” এ স্লোগান কে সামনে রেখে
চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার ৩নং কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদে ২০২১-২০২২ ভিজিডি চক্রের উপকারভোগীর মধ্যে গতকাল

মঙ্গলবার সকাল ১০ টার সময় ৩০ কেজি (সরকারী সরবরাহকৃত বস্তায়) খাদ্য শষ্য হিসেবে চাউল ও ভিজিডির কার্ড বিতরণের উদ্বোধন করেন কার্পাসডাঙ্গা ইউনিয়নের চেয়ারম্যান মোঃ খলিলুর রহমান।
এ সময় উপস্থিত ছিলেন সকল ওয়ার্ডের ইউপি সদস্যবৃন্দ, ইউপি সচিব মোঃ মহিউদ্দীন, ইউপি হিসাব সহকারী কাঃ তপন কুমার, গ্রাম পুলিশসহ উপকারভোগীরা।

দামুড়হুদার কার্পাসডাঙ্গায় সরকারি জমি থেকে অবৈধ দোকান ঘর উচ্ছেদের সময় বাড়লো দুই দিন

দামুড়হুদা উপজেলার কার্পসডাঙ্গায় সরকারি খাঁস জমি দখল করে টিনের ঘর নির্মাণ করা হয়েছে। বেশ কয়েক দিন ধরে চলছে ৩২ টি দোকান ঘর নির্মাণের কাজ । ইতোমধ্যে বেশ কিছু ঘরের কাজ প্রায় শেষের পথে, এছাড়াও বেশ কিছু নির্মাণ কাজ চলছে।

শনিবারের মধ্যে এসকল দখলদারদের অবৈধ ঘর অপসারণের নির্দেশ দিয়েছেন উপজেলা প্রশাসন।

জানা যায়, উপজেলার কার্পাসডাঙ্গা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স এর পিছনে, ১৪৯৮ দাগে প্রায় ১৪ একর খাঁস জমি রয়েছে। গত কয়েক দিন ধরে ঐ জমিতে স্থানীয় বেশ ক’ একজন নেতা সহ কার্পাসডাঙ্গা ইউনিয়ন ভূমি অফিসের অফিস সহায়ক বাহারু ইসলাম প্রায় ২০/৩০জন জমি দখল করে ৩২ টি অবৈধভাবে দোকান ঘর নির্মাণ করছেন।

গতকাল বৃহস্পতিবার দুপুর ১ দিকে উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমানসহ উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও এক্ম্সিকিউটি ম্যাজিস্টেট সুদীপ্ত কুমার সিংহ ঘটনাস্থল পরিদর্শন করলে সতত্যা পান।

ঘটনাস্থল পরিদর্শন কালে উপজেলা নির্বাহী অফিসার আগামী শনিবার নির্ধারিত সময়ের মধ্যে অবৈধ দখল অপসারণ করা না হলে অবৈধ দখলদারদের বিরুদ্ধে সর্বোচ্চ আইন গত ব্যবস্থা গ্রহণ করা হবে বলে নির্দেশ দেন। ইতোমধ্যে উপজেলা পরিষদের চেয়ারম্যান মহোদয় অবৈধ দখলদারদের ঠিক দিকনির্দেশনা প্রদানসহ খাস জমিকে কেন্দ্র করে যেন কোন বিশৃঙ্খলা সৃষ্টি না হয় সেবিষয়ে তাদেকে সচেতন করেন।

এসময় উপস্থিত ছিলে, কার্পাসডাঙ্গা ইউপির চেয়ারম্যান খলিলুর রহমান ভুট্টু, বাজার বনিক সমিতির সভাপতি ইমদাদুল হক ইমন, সাধারণ সম্পাদক সাজেদুর রহমান মিঠু, বাজার বনিক সমিতির সাবেক সাধারণ সম্পাদক মোস্তাফিজুর রহান কচি প্রমুখ।

কার্পাসডাঙ্গায় জাতীয় কবি কাজী নজরুল ইসলামের মৃত্যুবার্ষিকী পালন

দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গায় পালিত হয়েছে জাতীয় কবি কাজী নজরুল ইসলামের ৪৪ তম মৃত্যুবার্ষিকী।

গতকাল বৃহস্পতিবার বিকাল ৪ টার দিকে নজরুল স্মৃতি বিজড়িত পল্লীতে স্মৃতি ফলকে পুস্পমাল্য অর্পণ করেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মোঃ ইয়াহ খান।

জেলা প্রশাসনের পুস্পমাল্য অর্পণের পরে উপজেলা প্রশাসন, কার্পাসডাঙ্গা নজরুল স্মৃতি সংসদ, কার্পাসডাঙ্গা কলেজ, কার্পাসডাঙ্গা সজীব ওয়াজেদ জয় পরিষদ পুস্পমাল্য অর্পণ করে।

পুস্পমাল্য অর্পণের পর কবির আত্নার মাগফিরাত কামনায় দোয়া ও প্রার্থনা করা হয়। এ সময় উপস্থিত ছিলেন জেলা প্রশাসনের নেজারত ডেপুটি কালেক্টর ও নির্বাহী ম্যাজিস্ট্রেট আমজাদ হোসেন, উপজেলা সহকারি কমিশনার (ভূমি) মোঃ মহিউদ্দিন, নজরুল স্মৃতি সংসদের সভাপতি এমএ গফুর, সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম, ফাদার লাভলু

সরকার, রেভাঃ লরেন্স মৃত্যুঞ্জয় মন্ডল, আটচালা ঘর মালিক প্রকৃতি বিশ্বাস বকুল, মধু বিশ্বাস, প্রভাষক আয়ুব হোসেন, বিল্লাল হোসেন,

বিশিষ্ট ব্যবসায়ী মাহবুবুর রহমান, শিল্পী নিশাত শারমিন সোনিয়া, আলো মন্ডল, ইউনিয়ন যুবলীগের যুগ্নসম্পাদক রতন বিশ্বাস, প্রচার ও প্রকাশনা সম্পাদক মেহেদী হাসান মিলন, শিমুল রেজা, যুববলীগ নেতা জাব্বার খাবলী, ছাত্রলীগনেতা মেসকাত আলী, সুলতান মাহমুদ, ফরিদুজ্জামান রানা, জাহাঙ্গীর আলম, দীপ বিশ্বাস, মোহন মন্ডল, হক সাহেব, নজরুল স্মৃতি সংসদের আইটি মতিউর রহমান। এদিকে রাত ৮ টার সময় নজরুল স্মৃতি সংসদ কার্যলয়ে ভার্চুয়াল মাধ্যমে গানে গানে নজরুল স্মরণ লাইভ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

কুড়ুলগাছিতে শিক্ষার্থীদের রাতে আড্ডা বন্ধে ঝটিকা অভিযান

চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার দর্শনা থানাধীর কুড়ুলগাছি বাজারে বিভিন্ন দোকানঘরে লেখাপড়া বাদ দিয়ে বাইরে ঘোরাঘুরি করা শিক্ষার্থীদের বিরুদ্ধে এবার মাঠে নেমেছে দর্শনা থানা পুলিশ। সরকার মাদকদ্রব্য ও অপরাধমূলক কর্মকাণ্ডতে উঠতি বয়সের যুবক ও শিক্ষার্থীরা যাতে জড়িয়ে না পড়ে সে লক্ষ্যে গ্রহণ করেছেন কার্যক্রম।

চুয়াডাঙ্গা জেলার পুলিশ সুপার জাহিদুল ইসলামের নির্দেশে দর্শনা থানা ব্যাপী শুরু হয়েছে পুলিশের ঝটিকা অভিযান। সন্ধ্যার পর পড়ার টেবিল ছেড়ে হাট-বাজার, কেরামবোর্ড খেলা, চায়ের দোকানের আড্ডা, নির্জন এলাকায় ঘোরাঘুরি বন্ধকরণে গতকাল সন্ধ্যা ৭ টার দিকে কুড়ুলগাছি বাজার ৪ টা দোকানে নির্জন যায়গায় চেয়ারে বসে অহেতুক আড্ডাবাজি অবস্থায় অভিযান চালিয়ে দোকানে থাকা চেয়ার গুলো জব্দ করেছেন দর্শনা থানা পুলিশ।

এ সময় এলাকার সাধারণ মানুষের মধ্যে, আই শৃংখলা রক্ষা, মাদক কারবারীদের ধরিয়ে দিতে আইন শৃংখলা বাহিনীকে সহায়তা করা সহ